**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 FEBRUARY 2025** **7:35AM**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির উনবিংশ কিস্তি প্রদান করবেন । এই প্রকল্পের অধীনে কৃষিভূমি থাকা কৃষকদের তিনটি সমপরিমাণের কিস্তিতে প্রতিবছর ৬ হাজার টাকা করে প্রদান করা হয় । নতুনদিল্লীতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে এই অনুষ্ঠানে দেশের ২ কোটি ৫০ লক্ষ কৃষক শারীরিকভাবে বা ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে অংশ গ্রহণ করবে । এই প্রকল্পের অধীনে এপর্যন্ত মোট ৩ লক্ষ ৪৬ হাজার কোটি টাকা প্রদান করা হয়েছে বলে মন্ত্রী জানান ।

---

শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু গতকাল রাজভবনে অনুষ্ঠিত এক বৈঠকে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্যকে রাজ্যের উচ্চ শিক্ষা বিভাগের বর্তমান প্রকল্প ,নীতি ও ভবিষ্যত কর্মপন্থা সম্পর্কে অবগত করান । রাজ্যপাল শ্রী আচার্য উচ্চ শিক্ষা বিভাগের কাজকর্ম এবং ভবিষ্যত কর্মপন্থা সম্পর্কে

সন্তোষ ব্যাক্ত করেন । আসামকে উচ্চ শিক্ষার কেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে বিভাগটির পরিবেশ শক্তিশালী করা সহ সমাজকে উৎকর্ষতার দিকে এগিয়ে নিতে শিক্ষার গুরুত্বপূর্ন ভূমিকার বিষয়ে তিনি উল্লেখ করেন ।সেইসঙ্গে তিনি রাজ্যের উন্নয়নের গতি ত্বরান্বিত করতে উচ্চ শিক্ষার উন্নয়ন রাজ্যের মানব সম্পদ সৃষ্টি করতে অনুঘটকের কাজ করবে বলেও জানান । রাজ্যপাল শ্রী আচার্য জাতীয় শিক্ষানীতি ২০২০ দেশের শিক্ষার পরিবেশে উল্লেখযোগ্য পরিবর্তন আনবে বলে মন্তব্য করে এই নীতি সম্পূর্নভাবে কার্যকর করতে রাজ্যের উচ্চ শিক্ষা বিভাগকে এই নীতি কার্যকর করার আহ্বান জানান ।

---

শ্রীভূমি জেলায় গতকাল বেটি বাঁচাও বেটি পড়াও কার্যসূচীর অধীনে বিশ্ব সামাজিক ন্যায় দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বাল্য বিবাহ প্রতিরোধে করণীয় বিষয়গুলি নিয়ে সমাজ কল্যাণ বিভাগ ও সহযোগী বিভাগগুলির মধ্যে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।শ্রীভূমির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সমাজ কল্যাণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেবের পৌরহিত্যে সভায় বাল্যবিবাহ রোধে ইতিমধ্যে মিশন সংকল্প কার্যসূচীর অধীনে চলা বিভিন্ন সচেতনতা কার্যসূচী নিয়ে আলোচনা করা হয় । এছাড়া সভায় বাল্য বিবাহ সংক্রান্ত যেকোনো তথ্য জানাতে চাইল্ড লাইন হেল্প নম্বর ১০৯৮ এ রিপোর্ট করার আহ্বান জানানো হয় ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় খাদ্য সুরক্ষার মার্চ মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে অন্তোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য ৩৫ কিলোগ্রাম করে চাল এবং

প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারিদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে চাল বন্টন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

আসাম প্রিমিয়ার ক্লাব কাপ চ্যাম্পিয়নশিপের  দক্ষিণ আসাম জোনের জোনাল ফাইনালে উঠেছে লক্ষীপুরের রাইজিং ক্লাব । হাইলাকান্দির নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে গতকাল তারা কার্বি-আংলংয়ের লো বাজেট ক্রিকেট ক্লাবকে ৪৯ রাণে পরাজিত করে জোনাল ফাইনালে প্রবেশ করে । লক্ষীপুরের মোহিত ঠাকুর ম্যাচের সেরা খেলোয়ড় মনোনীত হন । এদিকে গতকাল ম্যাচের পর রাইজিং ক্লাবের অধিনায়ক মনোজিৎ ধর জানান যে আজ তারা জোনাল ফাইনাল খেলতে ডিফুর উদ্দেশ্যে রওয়ানা হচ্ছেন ।

---

---